

জকসু নির্বাচনসহ বিভিন্ন দাবিতে জবি শিবিরের স্মারকলিপি প্রদান

জবি প্রতিনিধি



সংগৃহীত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (জকসু) নির্বাচনসহ নানা দাবিতে উপাচার্য বরাবর

স্মারকলিপি দিয়েছে ইসলামী ছাত্রশিবির, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা।

রবিবার (৩ আগস্ট) দুপুর ১২টার দিকে শাখা শিবিরের নেতাকর্মীরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দণ্ডরে

গিয়ে স্মারকলিপি প্রদান করে। এতে অতি দ্রুত জকসু নির্বাচন আয়োজন, ক্যাম্পাসের অবকাঠামোগত

সমস্যার সমাধান, নারী শিক্ষার্থীদের জন্য ওয়াশরুম স্থাপন, দ্বিতীয় ক্যাফেটেরিয়ার কাজ শুরু এবং
সম্পূরক বৃত্তি বিতরণসহ একাধিক দাবি তুলে ধরা হয়।

আরো পড়ুন



বাগেরহাটে সংসদীয় ৪ আসন পুনর্বহালের দাবিতে স্মারকলিপি

শাখা শিবিরের সভাপতি রিয়াজুল ইসলাম বলেন, ‘বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে জানানো
হয়েছে, রাফিক ভবনের সংস্কারকাজ আগামী সপ্তাহে শুরু হবে।

বিজ্ঞান ভবনের সংস্কারকাজ চলমান রয়েছে এবং অবকাশ ভবনের কাজও দ্রুত শুরু হবে।’

তিনি আরো জানান, ‘নারী শিক্ষার্থীদের জন্য পৃথক ওয়াশরুম স্থাপন, দ্বিতীয় ক্যাফেটেরিয়ার কাজ
আগামী ১৫ দিনের মধ্যে শুরু এবং সম্পূরক বৃত্তির অর্থ প্রাপ্তি সাপেক্ষে দ্রুত বিতরণের প্রতিশ্রুতি
দিয়েছেন প্রশাসন।’

শিক্ষার্থীদের যৌক্তিক দাবি বাস্তবায়নে প্রশাসনকে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছে
জবি শিবির।